শক্তি ফাউন্ডেশন
নারীর ক্ষমতায়নে শক্তি

জানুয়ারি - জুন, ২০২১ ; বর্ষ - ১৪

শক্তি বার্তা

শক্তি ফাউন্ডেশনের ২য় ট্রেনিং সেন্টার এর যাত্রা শুরু

মে ২, ২০২১ তারিখ কুমিল্লার গৌরীপুরে শক্তি ফাউন্ডেশনের ২য় ট্রেনিং সেন্টারের শুভ উদ্বোধন করেন সংস্থার ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর জনাব ইমরান আহমেদ। এই ট্রেনিং সেন্টারে ২টি ক্লাসরুম রয়েছে, যেখানে ৫০ জন প্রশিক্ষণার্থী আবাসিক ব্যবস্থাপনায় থেকে প্রশিক্ষণে অংশ নিতে পারবেন। এছাড়াও ১০০ থেকে ১২০ জন অংশগ্রহণকারীদের নিয়ে সভা, সেমিনার, কর্মশালা করার মতো সকল ধরণের প্রযুক্তিগত সুবিধাসহ রয়েছে বিশাল হল রুম।
জনাব ইমরান আহমেদ বলেন, সংস্থার লক্ষ্য অর্জনে দক্ষ মানবসম্পদের গুরুত্ব অপরিসীম। তিনি আরও উল্লেখ করেন, শক্তি তার মানবসম্পদ উন্নয়নে সবসময় দৃঢ়প্রতিজ্ঞ এবং সে লক্ষ্যেই সাভারে নির্মাণাধীন অত্যাধুনিক নিজস্ব ট্রেনিং সেন্টারের পাশাপাশি দেশের বিভিন্ন অঞ্চলে শক্তি ট্রেনিং সেন্টার স্থাপনের পরিকল্পনা রয়েছে।
বর্তমানে ঢাকার উত্তরায় অবস্থিত ট্রেনিং সেন্টারের পাশাপাশি গৌরীপুরেও পরিচালিত হচ্ছে শক্তির নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম। গত দু'মাসে এখানে ১৭ টি ব্যাচে মোট ৩৬৮ জন কর্মীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

শক্তি ফাউন্ডেশনের ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শ্রদ্ধেয় বড় আপার বাণী

"আজ ১লা এপ্রিল ২০২১ আমাদের প্রিয় শক্তি ফাউন্ডেশনের ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আপনাদের সবাইকে আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। "সবার আগে সদস্য, এটাই শক্তির আদর্শ" – এ মূলমন্ত্রে উদ্দীপ্ত হয়ে শক্তি ফাউন্ডেশন গত এক বছর করোনা মহামারীর সংকটময় সময়েও সদস্য এবং সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে বিভিন্ন ধরণের সেবা নিয়ে উপস্থিত থেকেছে, যা সদস্যদের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। শক্তির কর্মীদের মনোবল, দায়িত্ববোধ এবং কাজের প্রতি তাদের ঐকান্তিক নিষ্ঠার কারণেই তা সম্ভব হয়েছে। আসুন আমরা সকলে মিলে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানের আদর্শকে সামনে রেখে মানুষের সেবায় নিয়োজিত হই এবং শক্তিকে উত্তরোত্তর সাফল্যের পথে এগিয়ে নিয়ে যাই। আপনারা সকলেই সুস্থ থাকুন, ভাল থাকুন এই প্রত্যাশায়

- আপনাদের বড় আপা"

মাসিক মুনাফা সেভিংস স্কীম

শক্তি ফাউন্ডেশন নারীদের সার্বিক ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে আসছে। আর তাই সদস্যদের আগামী দিনের নিরাপত্তা নিশ্চিত করতে তাদের মধ্যে সঞ্চয়ী মনোভাব ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলার জন্য শক্তি বিভিন্ন সময়োপযোগী ও সহজ সেভিংস স্কীম চালু করে চলেছে। এরই ধারাবাহিকতায় এবার শক্তি ফাউন্ডেশন নিয়ে এসেছে সঞ্চয়ের বিপরীতে আকর্ষণীয় মুনাফা অর্জনের সুযোগ - "মাসিক মুনাফা সেভিংস স্কীম"।

এই স্কীমে এককালীন সর্বনিম্ন ২৫,০০০ টাকা থেকে সর্বোচ্চ ১০০,০০০ টাকার গুণিতক যে কোন পরিমাণ অর্থ জমা করা যাবে। এককালীন ১০০,০০০ টাকা জমা করলে প্রতি মাসে ৯০০ টাকা মুনাফা পাওয়া যাবে। স্কীম এর নূন্যতম মেয়াদ ১ বছর এবং সদস্য চাইলে ১ বছর পর তা অটো রিনিউ করা যাবে। এই স্কীমের আওতায় একজন সদস্য একাধিক হিসাবও খুলতে পারবেন। শক্তির কর্মীদের পরিবারের সদস্যগণও এই স্কীম খুলতে পারবেন।
এই সেভিংস স্কীমটি ইতোমধ্যে কুমিল্লা এরিয়ায় এবং ঢাকার পল্লবীতে চালু হয়েছে। এরই মধ্যে মাঠপর্যায় থেকে বেশ সাড়া পাওয়া গেছে। অতিশীঘ্রই সারা দেশজুড়ে শক্তির সকল শাখায় এই সেভিংস স্কীমটি পোঁছে যাবে।

এককালীন জমার পরিমাণ	মাসিক মুনাফার পরিমাণ
৳ ২৫,০০০	৳ ২০০
৳ ৫০,০০০	৳ ৪০০
৳ ৭৫,০০০	৳ ৬০০
৳ ১০০,০০০	৳ ৯০০
৳ ১,০০০,০০০	৳ ৯,০০০

মাঠ পর্যায়ের কর্মীদের জন্য আকর্ষণীয় মোবাইল ও মোটরসাইকেল সুবিধা

শক্তি ফাউন্ডেশন ইআরপি সফটওয়্যার এর মাধ্যমে কাজ সহজ ও নির্ভুল করার লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মীদের জন্য নিয়ে এসেছে আকর্ষণীয় মোবাইল হ্যান্ডসেট। পাশাপাশি ফিল্ডে যাতায়াত সহজতর করার জন্য মোটরসাইকেল এর ব্যবস্থা করা হয়েছে। এই মোবাইল এবং মোটরসাইকেল পাওয়ার ক্ষেত্রে যে সকল সুবিধা রয়েছে তা হলো:
১) সংস্থা কর্তৃক সাবসিডি সুবিধা সহ মোবাইল ও মোটরসাইকেল ক্রয়ের সুযোগ, ২) সার্ভিস চার্জ বিহীন সহজ ঋণ সুবিধা, ৩) সহজ মাসিক কিস্তিতে পরিশোধের সুযোগ, ৪) রিস্ক কাভারেজ সুবিধা, ৫) ঋণ পরিশোধের পর মালিকানা লাভের সুবিধা

মোবাইল ফোন ব্র্যান্ড ও মডেল	ক্রয় মূল্য	কর্মীদের জন্য বিশেষ মূল্য	মাসিক কিস্তি	কিস্তির সংখ্যা
Samsung Galaxy-A12(4/64)	১৪,৯৯৯/=	১০,৭৮২/=	৫৯৯/=	১৮টি

মোটরসাইকেলের নাম ও মডেল	রেজিস্ট্রেশন সহ মোট মূল্য	কর্মী কর্তৃক প্রদেয় ডাউন পেমেন্ট	সংস্থা কর্তৃক পরিশোধিত মূল্য	মাসিক কিস্তি	৪৮টি কিস্তিতে কর্মী কর্তৃক মোট প্রদেয়	সংস্থা কর্তৃক প্রদানকৃত সাবসিডি
বাজাজ প্লাটিনা-১০০ সি সি	১,২০,০০০/=	২০,০০০/=	১,০০,০০০/=	১৬৪৯/=	৭৯,১৫২/=	২০,৮৪৮/=
বাজাজ ডিসকোবার-১১০ সি সি	১,৩৮,০০০/=	২৫,০০০/=	১,১৩,০০০/=	১৯৯৯/=	৯৫,৯৫২/=	১৭,০৪৮/=
বাজাজ ডিসকোবার-১২৫ সি সি	১,৫৩,০০০/=	৩০,০০০/=	১,২৩,০০০/=	২২৪৯/=	১০৭,৯৫২/=	১৫,০৪৮/=

*রেজিস্ট্রেশন ফি ২৩,৫০০/= টাকা

শক্তি বার্তা

জানুয়ারি - জুন, ২০২১ ; বর্ষ - ১৪

তথ্য প্রযুক্তিতে আরো একধাপ এগিয়ে গেল শক্তি



শক্তি ফাউন্ডেশন একটি প্রযুক্তি নির্ভর প্রতিষ্ঠান হিসেবে বিভিন্ন সফটওয়্যার ব্যবহার এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমান সময়ের চাহিদার প্রেক্ষিতে কাজের সুবিধার্থে তথ্য প্রযুক্তির ব্যবহারকে আরো আধুনিক ও সুশৃঙ্খল করার লক্ষ্যে ইআরপি সফটওয়্যার এর মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ হাতে নেওয়া হয়েছে। ইআরপি হলো এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং (ERP) সফটওয়্যার যা একটি প্রতিষ্ঠানের ডাটা সুশৃঙ্খলভাবে সংরক্ষণ এবং সমন্বিত করে। ফলে যে কোন তথ্য খুব সহজেই উপস্থাপন করা সম্ভব এবং ম্যানেজমেন্টের পক্ষে কোন সিদ্ধান্ত নেওয়া সহজ ও দ্রুত হয়। এর মাধ্যমে মাঠ পর্যায়ের সকল সদস্যদের তথ্য, ঋণ, সঞ্চয়, জামিনদার তথ্য সহ শাখা পর্যায়ের সকল আর্থিক ও অনার্থিক তথ্য এবং ব্যাক অফিস এর তথ্য নির্ভুলভাবে একই প্লাটফর্মে দেখা যাবে। এখানে আরো উল্লেখ্য যে, এখন থেকে মাঠ পর্যায়ে সদস্যদের নিকট থেকে সকল ধরনের আদায় (ঋণের কিস্তি ও সঞ্চয় সহ) এবং সংস্থা হতে সদস্যদের যে সকল অনুদান ও আর্থিক সুবিধা প্রদান করা হয়ে থাকে তা এমএফএস (Mobile Financial Services) দ্বারা পরিচালিত হবে। এর ফলে আরো এক ধাপ এগিয়ে মাঠ পর্যায়েও পেপারলেস ট্রানজ্যাকশন পরিচালিত হবে এবং ডিজিটাল পদ্ধতির আওতায় সদস্যদের দোরগোড়ায় সুবিধা পৌঁছে দেওয়া সম্ভব হবে।

প্রাথমিক পর্যায়ে ১ জুন, ২০২১ তারিখ থেকে কুমিল্লা রিজিওনের ২০টি শাখা ও ঢাকা নর্থ রিজিওনের ১টি শাখা সফলভাবে ইআরপি সিস্টেম এ অর্ন্তভুক্ত করা হয়েছে। পর্যায়ক্রমে শক্তির সকল শাখা এর আওতাভুক্ত করা এবং অ্যাপের মাধ্যমে কিস্তি আদায়ের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

শক্তির কর্মীদের জন্য সুযোগ সুবিধাসমূহ

দেশের শীর্ষস্থানীয় মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠান হিসেবে শক্তি ফাউন্ডেশন সব সময় তার কর্মীদের জন্য আকর্ষণীয় প্যাকেজ ও সুযোগ সুবিধা প্রদান করে থাকে। এরই ধারাবাহিকতায় এপ্রিল ২০২১ হতে শাখা পর্যায়ের ক্রেডিট অফিসার, সিনিয়র ক্রেডিট অফিসার, অ্যাকাউন্টেন্ট, সিনিয়র রিজিওনাল অ্যাকাউন্টেন্টদের উল্লেখযোগ্য হারে বেতন বৃদ্ধি করা হয়েছে।

জুলাই ২০২১ হতে শাখা ব্যবস্থাপক, এরিয়া সুপারভাইজার, SME প্রোগ্রামের কর্মীদের বেতন বৃদ্ধি করা হবে।

এছাড়াও, ক্রেডিট অফিসারদের মোবাইল বিল ২০০ টাকা থেকে ৩০০ টাকায় বৃদ্ধি করা হয়েছে, রিজিওনাল ম্যানেজারদের রিজিওনাল ভাতা এবং এরিয়া সুপারভাইজার, ফাইন্যান্স সুপারভাইজার, সিএনএ ম্যানেজার, রিজিওনাল সিনিয়র একাউন্টেন্টেরদের Conveyance এবং DSA বিল বাবদ ভাতার পরিমাণ বৃদ্ধি করা হয়েছে।

বেতন-ভাতা ছাড়াও শক্তি তার স্থায়ী কর্মীদের জন্য বিভিন্ন সুযোগ সুবিধা দিয়ে থাকে, যেমন-

- অবদানমূলক পিএফ
- গ্র্যাচুইটি
- প্রভিডেন্ট ফান্ড হতে ৯০% পর্যন্ত ঋণ সুবিধা
- স্টাফ ওয়েলফেয়ার ফান্ড হতে ঋণ সুবিধা এবং অনুদান সুবিধা
- বছরে ৩ টি উৎসব বোনাস
- সবেতনে মাতৃত্বকালীন ৬ মাস ছুটির সুবিধা
- পিতৃত্বকালীন ছুটির সুবিধা
- আবাসন সুবিধা
- স্যাক্স এলাউয়েন্স
- মোবাইল বিল
- কর্মীর সন্তানদের শিক্ষা বৃত্তির ব্যবস্থা
- যোগদানকালীন সময়ে সিম,ব্যাগ, ছাতা, ক্যালকুলেটর প্রদান

কর্মী স্বাস্থ্য সুবিধা:

- আউটডোর সার্ভিসের (ডাক্তারের পরামর্শ) জন্য বছরে ১ বার সর্বোচ্চ ৫০০ টাকা
- হাসপাতাল ভর্তি ও সার্জারির জন্য বছরে সর্বোচ্চ ৫,০০০ টাকা
- সংস্থার কাজে কর্মরত অবস্থায় দূর্ঘটনা ঘটলে প্রকৃত চিকিৎসা বিল
- কর্মরত অবস্থায় কোন কর্মী মৃত্যুবরণ করলে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা আর্থিক সুবিধা প্রদান
- খ্যাতনামা ডায়াগনস্টিক সেন্টারে সর্বোচ্চ ছাড়ে প্যাথলজিক্যাল টেস্টের সুবিধা
- গুরুতর অপারেশন/ জটিল চিকিৎসার জন্য স্বাস্থ্য অনুদান সুবিধা
- করোনা আক্রান্তদের চিকিৎসার জন্য বিশেষ আর্থিক সুবিধা প্রদান
- করোনা আক্রান্ত হয়ে কোন কর্মীর মৃত্যু হলে ৫০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা প্রদান

বর্ষ সেরা কর্মী ২০২০

শক্তি ফাউন্ডেশন একটি কর্মীবান্ধব প্রতিষ্ঠান হিসেবে সর্বদাই কর্মীদের পাশে থেকে তাদের সহযোগিতা করে আসছে। করোনাকালীন পরিস্থিতিতে সংস্থার পক্ষ থেকে মাঠ পর্যায়ের কর্মীদের কাজের উৎসাহ, গতি বৃদ্ধি ও অনুপ্রেরণা প্রদানের লক্ষ্যে কাজের স্বীকৃতিস্বরুপ পারফরম্যান্স বোনাস প্রদানের পাশাপাশি উল্লেখযোগ্য অর্জনের জন্য নির্দিষ্ট সূচকের ভিত্তিতে মাঠ পর্যায়ের ২৫৯ জন সেরা কর্মীকে মোট ২,০৩৭,২৫০ (বিশ লক্ষ সাইত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা ইনসেনটিভ দেয়া হয়েছে। এছাড়াও হেড অফিসের যে সকল কর্মী মাঠ পর্যায়ের কাজকে সহজতর করতে অগ্রণী ভুমিকা রেখেছেন তাদের মধ্যে থেকে তিনজনকে সেরা কর্মী নির্বাচন করে পুরস্কৃত করা হয়েছে।

আন্তর্জাতিক নারী দিবস ২০২১

৮ই মার্চ 'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষ্যে শক্তি ফাউন্ডেশনের সকল কর্মীকে নিয়ে Microsoft Teams এর মাধ্যমে একটি Live Event এর আয়োজন করা হয়। শ্রদ্ধেয় বড় আপা এ অনুষ্ঠানে নারীর ক্ষমতায়নে শক্তি ফাউন্ডেশনের তিন দশকের অভিজ্ঞতা ও ভুমিকা, এবং সমাজে ও প্রতিষ্ঠানে বৃহত্তর জেন্ডার সমতা প্রতিষ্ঠায় ভবিষ্যত করণীয় সম্পর্কে সকলের উদ্দেশ্যে বক্তব্য দিয়েছেন। আলোচনায় শাখা পর্যায়ের কর্মীগণ সদস্যদের এবং কর্মক্ষেত্রে শক্তির নারী কর্মীদের অধিকতর ক্ষমতায়নে কি কি পদক্ষেপ নেয়া যায় সে সম্পর্কে মতামত ব্যক্ত করেন। এছাড়াও বিভিন্ন ফোরাম আয়োজিত ওয়েবিনার ও শোভাযাত্রায় সংস্থার পক্ষ হতে কর্মী ও সদস্যরা অংশগ্রহণ করেন।

এক নজরে শক্তি (মে, ২০২১)

কর্মীদের পদোন্নতি (জানুয়ারী, ২০২১ থেকে জুন, ২০২১)

- ৩ জন — বি এম হতে এরিয়া সুপারভাইজার
- ১ জন — আর এম হতে এরিয়া কোর্ডিনেটর
- ৭ জন — সিনিয়র সিও/ আরও/একাউন্টেন্ট হতে বিএম
- ১৬ জন — একাউন্টেন্ট হতে সিনিয়র একাউন্টেন্ট
- ২ জন — ফাইন্যান্স সুপারভাইজার হতে কোর্ডিনেটর
- ১২ জন — সিও হতে ব্রাঞ্চ ইনচার্জ
- ১৪৫ জন — সিও হতে সিনিয়র সিও

শক্তি বার্তা

জানুয়ারি - জুন, ২০২১ ; বর্ষ - ১৪

করোনা মহামারীর সময় শক্তির উদ্যোগ

মাস্ক পরি কর্মসূচী

শক্তি ফাউন্ডেশনের কর্মীবৃন্দ ও সহযোগী সংস্থার স্বেচ্ছাসেবকদের নিয়ে ১৫০ জনের একটি টিম "ডিএনসিসি মাস্ক পরি কর্মসূচি" এর আওতায় গত ১০-১৩ মে ২০২১ ঢাকা উত্তরের জনসমাগমপূর্ণ মোট ৮টি স্থানে পঞ্চাশ হাজারেরও বেশি মাস্ক বিতরণ করে এবং সঠিকভাবে মাস্ক পরিধানের নিয়ম ও গুরুত্ব নিয়ে জনসচেতনতা তৈরিতে নিরলসভাবে কাজ করে।

ডিএনসিসির মাননীয় মেয়র মো. আতিকুল ইসলাম আনুষ্ঠানিকভাবে উত্তরা রাজলক্ষী কমপ্লেক্সে "ডিএনসিসি মাস্ক পরি কর্মসূচি" এর উদ্বোধন করেন। মাননীয় সংসদ সদস্য নাহিদ ইজাহার খান, শক্তি ফাউন্ডেশনের উপ নির্বাহী পরিচালক ইমরান আহমেদ এবং ডিএনসিসির উর্ধ্বতন কর্মকর্তাসহ সকল সহযোগী সংগঠনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

শক্তি ফাউন্ডেশন মহামারীর শুরু থেকেই কোভিড-১৯ সম্পর্কে সচেতনতা মূলক প্রচারণা, মাস্ক বিতরণ, স্বাস্থ্যসেবা হটলাইন, চিকিৎসা সেবা ও করোনা আক্রান্তদের আর্থিক সহায়তা সহ বেশকিছু পদক্ষেপ বাস্তবায়ন করছে। “ডিএনসিসি মাস্ক পরি কর্মসূচি" বাস্তবায়নের সময় আমাদের স্বেচ্ছাসেবকেরা সর্বস্তরের মানুষের কাছ থেকে যে সহায়তা পেয়েছেন তা দেখে আমরা গর্বিত। অনেক জায়গায় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের আমাদের সাথে মাস্ক বিতরণে সহায়তা করতে দেখা গেছে। এছাড়াও বিভিন্ন স্থানে স্থানীয় লোকেরা আমাদের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে এবং সহযোগিতা করেছে। একাধিক মসজিদেও ইমামগণ এই উদ্যোগ সফল করতে মাস্ক বিষয়ক সচেতনতার উপর বক্তব্য রেখেছেন।

এরই ধারাবাহিকতায় পবিত্র ঈদুল আযহার প্রাক্কালে আরো বৃহৎ পরিসরে একাধিক সিটি কর্পোরেশনে এক যোগে মাস্ক বিতরণ ও সঠিক ভাবে মাস্ক পরার বিষয়ে দু'মাসব্যাপী সচেতনতা ক্যাম্পেইন শুরু করার সিদ্ধান্ত হয়েছে।

করোনা আক্রান্ত কর্মী ও সদস্যদের পাশে শক্তি

শক্তি ফাউন্ডেশন করোনা সংকটময় পরিস্থিতিতে একদিকে যেমন সদস্যদের পাশে থেকেছে তেমনি কর্মীবান্ধব প্রতিষ্ঠান হিসেবে কর্মীদের পাশে থেকে প্রয়োজনীয় সহযোগিতা করে যাচ্ছে। সংস্থার কর্মী ও সদস্যদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শক্তি হেলথ প্রোগ্রামের সকল SMCC এবং শক্তি স্বাস্থ্য সেবা হটলাইন এর মাধ্যমে নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। এছাড়া করোনা আক্রান্তদের আইসোলেশনে থাকার বিষয়ে সকল প্রকার সহযোগিতা করা হচ্ছে এবং যাদের হাসপাতালে ভর্তি করতে হচ্ছে প্রয়োজনে তাদের হাসপাতালে নিয়ে যাওয়া ও ভর্তি হতে সকল ধরনের সহযোগিতা করা হচ্ছে।

পাশাপাশি করোনা আক্রান্ত হয়ে যে সকল কর্মী ও সদস্য বাড়িতে আইসোলেশনে আছেন বা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন তাদের চিকিৎসা যেন ব্যাহত না হয়, এজন্য সংস্থা হতে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।

শক্তি কর্মী স্বাস্থ্য সেবার অধীনে আর্থিক সুবিধা:

- কর্মরত অবস্থায় কর্মীর করোনা উপসর্গ দেখা দিলে, টেষ্ট করার জন্য ৫০০ টাকা
- কর্মী করোনা পজিটিভ হলে ১,৫০০ টাকা আর্থিক সুবিধা প্রদান এবং হাসপাতালে ভর্তি থেকে চিকিৎসা গ্রহণ করলে অতিরিক্ত ১,৫০০ টাকা আর্থিক সহায়তা
- করোনা পজেটিভ কর্মী মৃত্যুবরণ করলে তার পরিবারকে ৫০০,০০০ টাকা আর্থিক সহায়তা

সদস্যদের জন্য আর্থিক সুবিধা:

- সদস্য করোনা পজিটিভ হলে ১,৫০০ টাকা আর্থিক সুবিধা এবং হাসপাতালে ভর্তি থেকে চিকিৎসা গ্রহণ করলে অতিরিক্ত ১,৫০০ টাকা আর্থিক সহায়তা
- করোনা পজেটিভ সদস্য মৃত্যুবরণ করলে তার পরিবারকে ১০,০০০ টাকা আর্থিক সহায়তা

৩০ জুন ২০২১ পর্যন্ত মোট ২৮৮ জন কর্মী করোনা আক্রান্ত হয়েছেন, সংস্থার পক্ষ থেকে নিরলস প্রচেষ্টা ও প্রয়োজনীয় সহযোগিতায় আক্রান্তদের মধ্যে ২৩৬ জন সুস্থ হয়ে উঠেছেন, ৪৯ জন বাসায় আইসোলেশনে আছেন এবং ৩ জন হাসপাতালে চিকিৎসাধীন আছেন। কর্মীদের এ পর্যন্ত করোনা স্বাস্থ্য সহায়তা হিসেবে মোট ৯৮৮,৫০০ টাকা প্রদান করা হয়েছে। একই সময়ে মোট ১৭৮ জন সদস্য করোনা আক্রান্ত হয়েছেন, যাদের মধ্যে ১৫৮ জন সুস্থ হয়ে উঠেছেন, ১৩ জন বাসায় আইসোলেশনে আছেন, ১ জন হাসপাতালে চিকিৎসাধীন আছেন ও ৬ জনের মৃত্যু হয়েছে। করোনা আক্রান্ত সদস্যদের এ পর্যন্ত মোট ৪৩৫,৫০০ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

শোক সংবাদ

অত্যন্ত দু:খের সাথে জানানো যাচ্ছে যে, সদর মুন্সিগঞ্জ (০০৩৫) নং শাখার সিনিয়র ক্রেডিট অফিসার মো: চাঁন মিয়া (ইআইএন: ০৫৮১৮) গত ০২ জুন, ২০২১ তারিখ বুধবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আমরা তার রুহের মাগফিরাত কামনা করছি এবং তার শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

অত্যন্ত দু:খের সাথে জানানো যাচ্ছে যে, গোবিন্দগঞ্জ গাইবান্ধা (০২০৩) নং শাখার শাখা ব্যবস্থাপক মোঃ আমিনুল ইসলাম (ইআইএন: ০২৭৫০) গত ১০ মে, ২০২১ ইং তারিখে তিনি নিজ বাড়িতে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি ক্যান্সারে আক্রান্ত হয়ে দীর্ঘদিন ছুটিতে ছিলেন। আমরা তার রুহের মাগফিরাত কামনা করছি এবং তার শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

শক্তি বার্তা
জানুয়ারি - জুন, ২০২১ ; বর্ষ - ১৪

মুজিববর্ষ উদযাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৭ই মার্চ ২০২০ হতে ১৬ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত "মুজিববর্ষ" ঘোষণা করেছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে শক্তি ফাউন্ডেশন নানাবিধ কর্মসূচি পালন করে চলেছে।

ফ্রি স্বাস্থ্যসেবা প্যাকেজ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতা দিবসের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২১ মার্চ ২০২১ থেকে ২৫ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত শক্তি ফাউন্ডেশনের পক্ষ থেকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্যাকেজ কার্যক্রম হাতে নেয়া হয়।
শক্তি ফাউন্ডেশনের ৮৩ টি এরিয়ার ৮৩ টি শক্তি মেডিকেল কেয়ার সেন্টারের (SMCC) প্রতিটি থেকে ১০০ জন সদস্যকে এই কার্যক্রমের আওতায় সেবা প্রদান করা হয়েছে। সদস্যগণ এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

অনলাইন প্যানেল আলোচনা

২৭ মার্চ ২০২১ মুজিববর্ষ, বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং শক্তি ফাউন্ডেশনের ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে "নারীর ক্ষমতায়নে শক্তি" শীর্ষক অনলাইন প্যানেল আলোচনার আয়োজন করা হয়। আলোচনায় প্যানেলিস্ট হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য নাহিদ ইজাহার খান, জনাব মোঃ ফসিউল্লাহ্, এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি; জনাব মাহবুবা আক্তার মাহমুদ, নির্বাহী পরিচালক, উৎস বাংলাদেশ; জনাব সোনিয়া বশির কবীর, প্রতিষ্ঠাতা, চেয়ারম্যান ও সিইও, এসবিকে ফাউন্ডেশন এবং জনাব হুমায়রা ইসলাম, পিএইচডি, প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, শক্তি ফাউন্ডেশন ফর ডিসএ্যাডভান্টেজড উইমেন।
স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের নারীর ক্ষমতায়নে অভূতপূর্ব অর্জনসমূহ, নারীর ক্ষমতায়নে শক্তি ফাউন্ডেশনের ভূমিকা, মুজিববর্ষ উপলক্ষ্যে শক্তি ফাউন্ডেশন কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম, নারীর ক্ষমতায়নে আরও এগিয়ে যাওয়ার লক্ষ্যে ভবিষ্যতের দিকনির্দেশনা নিয়ে আমাদের সম্মানিত প্যানেলিস্টগণ আলোচনা করেন।

বিনামূল্যে ৩২ জনের চোখের ছানি অপারেশন

সমৃদ্ধি কর্মসূচির আওতায় মজিদপুর ইউনিয়নে পিকেএসএফ এবং শক্তি ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় মোট ৩২ জনের বিনামূল্যে চোখের ছানি অপারেশন করা হয়। অপারেশনের পর তারা প্রত্যেকে ভালো আছেন এবং সবকিছু পরিস্কারভাবে দেখতে পারছেন। এই ধরনের মহতী উদ্যোগের জন্য শক্তি ফাউন্ডেশনের প্রতি সবাই কৃতজ্ঞ।

যুবাদের অংশগ্রহণে প্রতিযোগিতার আয়োজন

মুজিববর্ষ উপলক্ষ্যে সমৃদ্ধি কর্মসূচির আওতায় মজিদপুর ইউনিয়নের যুবাদের অংশগ্রহণে বঙ্গবন্ধুকে নিয়ে কবিতা লেখা, বঙ্গবন্ধু ও বাংলাদেশ নিয়ে প্রবন্ধ/গল্প রচনা, মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুকে নিয়ে ছবি আঁকা এবং উন্নয়নে যুব সমাজের কার্যক্রম নিয়ে প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগীদের মধ্যে সার্টিফিকেট ও বিজয়ীদের ক্রেস্ট প্রদান করা হয়। প্রতিযোগিতার ৪টি ক্যাটেগরিতে যারা চ্যাম্পিয়ন ও রানার্স আপ হন তাদের লেখা পিকেএসএফ এর দেশব্যাপী প্রতিযোগিতার জন্য নির্বাচিত হয়।



এছাড়া:-

- সংস্থার সকল কর্মীর অংশগ্রহণে মুজিববর্ষ উপলক্ষ্যে আলোচনা এবং দোয়া মাহফিল আয়োজন।
- মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) প্রবর্তিত 'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' কার্যক্রমের আওতায় বিভিন্ন সরকারী বিশ্ববিদ্যালয়/কলেজে অধ্যয়নরত শক্তি ফাউন্ডেশনের সদস্যদের মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান কর্মসূচিতে অংশগ্রহণের সিদ্ধান্ত।
- বছরজুড়ে সারা দেশে বিনামূল্যে ১০০,০০০ এবং স্বল্পমূল্যে ৩১,৫০০ মাস্ক বিতরণ।
- শক্তির প্রধান কার্যালয়, শাখা অফিস ও সদস্যদের বাড়িঘরে 'পরিচ্ছন্নতা অভিযান'।
- সংস্থার ২০২০ সালের ক্যালেন্ডারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাণী মুদ্রণ।
- মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) আয়োজিত মুজিববর্ষের শোভাযাত্রায় অংশগ্রহণ।
- শক্তি ফাউন্ডেশনের সাপোর্ট স্টাফদের ছেলে মেয়েদের মধ্যে "মুজিববর্ষ" শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন এবং সাত জন বিজয়ী প্রতিযোগীকে উপহার স্বরূপ ল্যাপটপ প্রদান।
- 'মুজিববর্ষ' উপলক্ষ্যে মেম্বার রিওয়ার্ড কর্মসূচির আওতায় সদস্যদের মধ্যে এলইডি টিভি, রেফ্রিজারেটর, ল্যাপটপ, ট্যাব, স্মার্ট ফোন, ফিচার ফোন সহ ১,০০০টি আকর্ষণীয় পুরস্কার প্রদান।
- সুবিধাবঞ্চিত নারীদের মধ্যে নামমাত্র মূল্যে পাঁচ লক্ষ পিস স্যানিটারি ন্যাপকিন বিতরণ ও নারীস্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক কার্যক্রম।
- 'এক লক্ষ আহার, এক লক্ষ হাসি' কর্মসূচির আওতায় সারা দেশে এক লক্ষ সুবিধাবঞ্চিত মানুষের মধ্যে এক বেলার আহার বিতরণ।